

নং-৪৬.১০.০০০০.০০৩.০৯৯.০১১.২০১৭-৭৯৬


তারিখঃ ০৮ আশ্বিন ১৪২৫  
২৩ সেপ্টেম্বর ২০১৮

### মিলাদ ও দোয়া অনুষ্ঠানের নোটিশ

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্যানেল মেয়র-১ জনাব মো: ওসমান গণি গত ২২/০৯/২০১৮ খ্রিঃ তারিখ বাংলাদেশ সময় সকাল ৮.৩০ ঘটিকায় সিঙ্গাপুরের জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইমালিলাহি ওয়াইলা ইলাইহি রাজিউন)। মরহমের বিদেহী আয়ার মাগফেরাত ও শান্তি কামনায় আগামী ২৫/০৯/২০১৮ খ্রিঃ তারিখ মঙ্গলবার বাদ আছর ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয় (প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা), লেভেল-৮ এবং লেভেল-৬ এ "মিলাদ ও দোয়া" অনুষ্ঠিত হবে।

উক্ত অনুষ্ঠানে ডিএনসিসি'র সকল সম্মানিত কাউন্সিলর, বিভাগীয় প্রধান, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা এবং প্রধান কার্যালয় ও আঞ্চলিক কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারীকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নোটিশ জারি করা হলো।

  
(রবীন্দ্রশ্রী বড়ুয়া) ২৬/৯/১৮  
সচিব

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সম্মানিত কাউন্সিলর (সকল) সাধারণ ওয়ার্ড নং...../সংরক্ষিত আসন নং.....ডিএনসিসি।
২. বিভাগীয় প্রধান (সকল) .....ডিএনসিসি। তাঁর দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
৩. প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা। অনুষ্ঠানস্থলে ব্যানার/মাইক/সাউন্ড সিস্টেম/রেকর্ডার/ডেকোরেশন/আপ্যায়নসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৪. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল....., ডিএনসিসি। স্ব স্ব এলাকার সম্মানিত কাউন্সিলরগণের উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো। এ ছাড়াও তাঁর আঞ্চলিক কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
৫. মহাব্যবস্থাপক (পরিবহন), প্রত্যেক জোন থেকে কর্মচারীদের পরিবহনের জন্য যানবাহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬. সিস্টেম এনালিস্ট, ডিএনসিসি (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ), ডিএনসিসি (অনুষ্ঠানস্থলে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ এর ব্যবস্থাসহ পর্যাপ্ত ফ্যান সরবরাহের অনুরোধসহ)।
৮. প্যানেল মেয়র মহোদয়ের একান্ত সহকারী (প্যানেল মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের স্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. ওয়ারলেস অপারেটর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন-সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
১১. অফিস কপি।